

# যুগান্তর

## চবিতে মধ্যরাতে ছাত্রলীগের দুদফা সংঘর্ষ, আহত ৭

👤 চবি প্রতিনিধি

🕒 ০৯ ফেব্রুয়ারি ২০২৩, ০০:০০:০০ | প্রিন্ট সংস্করণ



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) মঙ্গলবার মধ্যরাতে শাখা ছাত্রলীগের তিনটি উপগ্রুপের মধ্যে দুদফায় সংঘর্ষ হয়েছে। এতে তিন গ্রুপের অন্তত ৭ জন আহত হয়েছেন। কথা কাটাকাটির জেরে বিশ্ববিদ্যালয়ের স্টেশন এলাকায় এ ঘটনার সূত্রপাত হয়। পরে তা শাহজালাল, শাহ আমানত ও সোহরাওয়ার্দী হলে ছড়িয়ে পড়ে। আহতদের বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। সংঘর্ষে জড়ানো গ্রুপগুলো হলো-চুজ ফ্রেন্ডস উইদ কেয়ার (সিএফসি), সিক্সটি নাইন ও বিজয়।

ছাত্রলীগের নেতাকর্মীরা জানান, রাত ১১টার দিকে সিএফসির অনুসারী ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মো. শাকিলকে সিক্সটি নাইনের কয়েকজন মারধর করেন। খবর পেয়ে আরবি বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের মমিনুর রহমান আসিফ ঘটনাস্থলে গেলে সিক্সটি নাইনের অনুসারীরা তাকেও মারধর করেন। পরে দুই পক্ষের মাঝে সংঘর্ষ ছড়িয়ে পড়ে। সিএফসির সঙ্গে যোগ দেয় বিজয় গ্রুপের নেতাকর্মীরা। এ সময় সিক্সটি নাইনের নেতাকর্মীরা বিশ্ববিদ্যালয়ের শাহজালাল হলের সামনে অবস্থান নেয় এবং সিএফসি ও বিজয়ের

নেতাকর্মীরা সোহরাওয়ার্দী হলের সামনে। সংঘর্ষ চলাকালে উভয় পক্ষের নেতাকর্মীদের ইটপাটকেল ও ককটেল ছোড়ার পাশাপাশি দেশীয় অস্ত্র হাতে মহড়া দিতে দেখা যায়। পরে পুলিশ ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়। ভোর ৪টায় আবারও সংঘর্ষে জড়ায় গ্রুপগুলো। ঘণ্টাখানেক চলে এ সংঘর্ষ। এতে তিন গ্রুপের অন্তত ৭ জন আহত হয়েছেন।

এ বিষয়ে শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ও সিক্সটি নাইনের নেতা ইকবাল হোসেন টিপু বলেন, জুনিয়র ছেলেদের মধ্যে এটি ঘটেছে। বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়া হবে।

বিজয় গ্রুপের নেতা নজরুল ইসলাম সবুজ বলেন, স্টেশনতলায় সিএফসির একজনকে মারধর করে সিক্সটি নাইনের কয়েকজন। পাশে দাঁড়িয়ে থাকা আমাদের একজন কর্মীকেও উদ্দেশ্যপ্রণোদিতভাবে মারধর করে তারা। ক্যাম্পাসের পরিবেশ অস্থিতিশীল করতে এটা করা হয়েছে। সহকারী প্রক্টর আহসানুল কবির পলাশ বলেন, আমরা দুই পক্ষকেই শান্ত করেছি। সবাই হলে অবস্থান করছে। দুই পক্ষের নেতারা আশ্বস্ত করেছে আর ঝামেলা হবে না।

---

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](http://TheDailyJugantor.com) © 2023